গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডিজিটাল নিরাপত্তা এজেন্সি
আইন ও পলিসি শাখা
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.dsa.gov.bd

সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ সংক্রান্ত ত্রৈমাসিক ৩য় সভার কার্যবিবরণী

সভাপতি	আবু সাঈদ মোঃ কামরুজ্জামান এনডিসি মহাপরিচালক
সভার তারিখ	২২/০২/২০২৩
সভার সময়	বেলা ০৩: ০০ ঘটিকা
স্থান	সম্মেলন কক্ষ, ডিজিটাল নিরাপত্তা এজেন্সি।
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি ডিজিটাল নিরাপত্তা এজেন্সির সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি সেবা প্রদান প্রতিশ্রুতি এর ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সভার কার্যপত্র উপস্থাপন করার অনুরোধ জানান। উপস্থাপনান্তে সিটিজেন চার্টারের বাস্তবায়ন কার্যক্রম এবং করণীয় বিষয় নিয়ে সভায় অবহিত করা হয়। বিগত সভার কার্যবিবরণী কোনরূপ পরিবর্তন, পরিমার্জন ও সংশোধন ছাড়া দৃঢ়ীকরণ করা হয়।

০২। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

ক্র.ম.	সভার আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১. ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন	সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি এর কর্মসম্পাদন সূচক ১.১ অনুসারে ত্রৈমাসিক ভিত্তিতে উপ-পরিচালক (প্রশাসন), আহবায়ক, সহকারী পরিচালক (বাজেট), সদস্য এবং সহকারী পরিচালক (আইন ও পলিসি) কে সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট করে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি ১৩ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে ৫৬.০৫.০০০০.০১৪.১৬.০০২.২২.৭ নম্বর অফিস আদেশে পুনর্গঠন করা হয়েছে মর্মে উল্লেখ করা হয়। সভাপতি পুনর্গঠিত কমিটির কার্যক্রম যথাযথভাবে সম্পাদনের নির্দেশনা প্রদান করেন।	সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির কার্যক্রম যথাযথভাবে সম্পাদন করতে হবে।	পরিবীক্ষণ কমিটি

২.পরিবীক্ষণ কমিটির সভা আয়োজন	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কর্মসম্পাদন সূচক ১.২ অনুসারে ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা পরবর্তী সপ্তাহে আয়োজন করা এবং সভার সিদ্ধান্ত বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করা হয় এবং সভার সিদ্ধান্তের বাস্তবায়ন প্রতিবেদন প্রস্তুতের কথা বলা হয়।	কর্মসম্পাদন সূচক ১.২ অনুসারে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা আয়োজন এবং সভার সিদ্ধান্তের বাস্তবায়ন প্রতিবেদন প্রস্তুতকরণ।	পরিবীক্ষণ কমিটি
৩.দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কর্মসম্পাদন সূচক ১.৩ অনুসারে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে এদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন সম্পন্ন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	কর্মসম্পাদন সূচক ১.৩ অনুসারে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন অব্যাহত রাখতে হবে।	ফোকাল পয়েন্ট সহকারী পরিচালক (আইন ও পলিসি)
৪.সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড সংক্রান্ত	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কর্মসম্পাদন সূচক ১.৪ অনুসারে ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদের ব্যাপারে সভায় মত প্রকাশ করা হয় এবং হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করে স্ক্রিনশট সংরক্ষণ করা এবং হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি আইসিটি বিভাগে প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়।	এজেন্সির হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি ওয়েবসাইটে আপলোড করে স্ক্রিনশট সংরক্ষণ করতে হবে বিভাগে প্রেরণ করতে হবে ।	পরিবীক্ষণ কমিটি
৫.কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন	সভাপতি, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কর্মসম্পাদন সূচক ২.২ অনুসারে ২টি প্রশিক্ষণ আয়োজন সম্পন্ন হয়েছে বিধায় বিষয়টি সভার আলোচনা হতে বাদ দেয়া প্রয়োজন মর্মে জানান।	কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার বিষয়টি সভার আলোচ্যসূচি হতে বাদ যাবে।	ফোকাল পয়েন্ট সহকারী পরিচালক (আইন ও পলিসি)
৬.স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন	সভায়, সেবা প্রদান প্রতিশ্রুতি স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ বিষয়ে ১ম গত ১৫/০৮/২০২২ তারিখে ১ম কোয়ার্টারে অনুষ্ঠিত হয় এবং পরবর্তী সভা আয়োজন সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়।	সেবা প্রদান প্রতিশ্রুতি স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ বিষয়ক সভা আয়োজন করতে হবে।	ফোকাল পয়েন্ট সহকারী পরিচালক (আইন ও পলিসি)
৭. বিবিধ	ডিজিটাল নিরাপত্তা এজন্সি কর্তৃক ২৯টি প্রতিষ্ঠানকে CII হিসাবে ঘোষণা করা হয়েছে আরও ২ টি প্রতিষ্ঠান CII তালিকায় অন্তর্ভূক্তির জন্য আবেদন করেছে মর্মে আলোচনা হয়। সভাপতি এই আবেদনের একটি ফরমেট প্রস্তুত করে এটিকে অত্র এজেন্সির প্রাতিষ্ঠনিক সেবা হিসেবে সিটিজেন চার্টারে অন্তর্ভূক্ত করার নির্দেশনা প্রদান করেন।	CII তালিকায় অন্তর্ভুক্তির জন্য আবেদনের একটি ফরমেট প্রস্তুত করে এটিকে এ এজেন্সির প্রাতিষ্ঠনিক সেবা হিসেবে সিটিজেন চার্টারে অন্তর্ভুক্ত করতে হবে।	এনসার্ট টিম ও ফোকাল

২৮-০২-২০২৩
আবু সাঈদ মোঃ কামরুজ্জামান এনডিসি
মহাপরিচালক
০১৭১১১৯২৯০০
dg@dsa.gov.bd

তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
২৮ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

নম্বর: ৫৬.০৫.০০০০.০১৪.১৬.০০২.২২.১১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক (প্রশাসন), প্রশাসন ও অর্থ অনুবিভাগ, ডিজিটাল নিরাপত্তা এজেন্সি;

২। উপ-পরিচালক (প্রশাসন), প্রশাসন ও অর্থ অধিশাখা, ডিজিটাল নিরাপত্তা এজেন্সি;

৩। উপ-পরিচালক (অপারেশন), অপারেশন অধিশাখা, ডিজিটাল নিরাপত্তা এজেন্সি;

৪। সহকারী পরিচালক (সকল), ডিজিটাল নিরাপত্তা এজেন্সি এবং

৫। অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, মহাপরিচালক এর দপ্তর, ডিজিটাল নিরাপত্তা এজেন্সি (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০১-০৩-২০২৩
মোছাঃ ফারজানা খান তমা
সহকারী পরিচালক (আইন ও পলিসি)